

# ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস আজ

ঢাকা  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

১৫ অক্টোবর,  
২০২৪ ০১:৫৯

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস আজ ১৫ অক্টোবর। ১৯৮৫ সালের এই রাতে বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের তৎকালীন অনুদ্বৈপায়ন ভবনের টেলিভিশন কক্ষের ছাদ ধসে ৪০ জন মারা যান। তাঁদের মধ্যে ২৬ জন ছাত্র এবং ১৩ জন ছিলেন বিশ্ববিদ্যালয়ের কর্মচারী ও অতিথি। এ ঘটনায় আহত হন শতাধিক।

দুর্ঘটনায় নিহতদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য প্রতিবছর এই দিবসটি পালন করা হয়।

‘মরণসাগরপারে তোমরা অমর তোমাদের স্মরি’ শিরোনামে এবার নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালন করা হবে।

কর্মসূচির মধ্যে রয়েছে সকাল ৬টায় বিশ্ববিদ্যালয়ের সব হল, হোস্টেল ও প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন,

বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা এবং কালো ব্যাজ ধারণ।

সকাল সাড়ে ৭টায় অপরাজেয় বাংলা থেকে জগন্নাথ হল পর্যন্ত উপাচার্যের নেতৃত্বে শোকযাত্রা হবে।

সকাল ৮টা থেকে হলের অক্টোবর স্মৃতি ভবনের টিভিকক্ষে আলোচনাসভা এবং সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত

নিহতদের তৈলচিত্র ও সে সম্পর্কিত স্মৃতি প্রদর্শন করা হবে হল প্রাঙ্গণে।

